# Kumudini Bulletin

**September-December 2017**

কুমুদিনী বুলেটিন

সেপ্টেম্বর-ডিসেম্বর ২০১৭

## শ্রদ্ধা ও ভালোবাসায় আর পি সাহার ১২১তম জন্মজয়ন্তী উদ্‌যাপিত

## 121st Birth Anniversary of R P Shaha Celebrated




*Offering prayer on the 121st birthday celebration of philanthropist Ranada Prasad Shaha at Ranada Natmondir of Mirzapur village. The programme was arranged by the villagers.*

শ্রদ্ধা ও ভালবাসায় গত ৩১ অক্টোবর পালিত হয়েছে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের প্রতিষ্ঠাতা দানবীর রণদা প্রসাদ সাহার ১২১তম জন্মজয়ন্তী উৎসব।

জন্মোৎসবের আয়োজন করা হয়েছে দানবীরের মির্জাপুরস্থ পৈতৃক বাড়িতে, মির্জাপুর কুমুদিনী কমপ্লেক্সের বিভিন্ন প্রতিষ্ঠানে, নারায়ণগঞ্জের রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয়ে এবং মির্জাপুর গ্রামবাসীদের আয়োজনে স্থানীয় রণদা নাটমন্দিরে। মির্জাপুরের কুমুদিনী কমপ্লেক্সের প্রতিষ্ঠানগুলোর মধ্যে ছিল ভারতেশ্বরী হোমস, কুমুদিনী হাসপাতাল, কুমুদিনী নার্সিং স্কুল এন্ড কলেজ এবং কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজ। দিনটি প্রতিবারের মতো একই সঙ্গে রণদা প্রসাদ সাহার জন্মজয়ন্তী ও কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের প্রতিষ্ঠা দিবস হিসেবে উদ্‌যাপিত হয়।

The 121st birth anniversary of the founder of Kumudini Welfare Trust (KWT) was celebrated at all the institutions of the Trust on 31 October 2017.

The birthday celebrations were arranged at the paternal homestead of the founder at Mirzapur village; at the different institutions of KWT located within Kumudini Complex, Mirzapur; at Ranada Prasad Shaha University in Narayanganj and at the village temple by the villagers of Mirzapur. Celebrations took place separately at Bharateswari Homes, Kumudini Hospital, Kumudini Nursing School & College and Kumudini Women's Medical College. As always, the day is celebrated as the birthday of the founder and




*Cutting birthday cakes at Bharateswari Homes (left) and Kumudini Hospital (right) as part of birth anniversary celebration.*

প্রত্যুষে দানবীরের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে জন্মোৎসব উদ্‌যাপনের সূচনা হয়। তাঁর পৈতৃক নিবাসে আশানন্দ নাটমন্দিরে ভারতেশ্বরী হোমসের ছাত্রীরা পরিবেশন করে রণদা প্রসাদের প্রিয় কিছু গান। ছাত্রীরা সন্ধ্যা ৬টায় বরাবরের মতো প্রদর্শন করে মার্চ পাস্ট ও শরীরচর্চা। এরপর অনুষ্ঠিত হয় 'আগুনের পরশমনি' শিরোনামে একটি গীতিআলেখ্য এবং প্রার্থনা সভা। অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন মুক্তিযুদ্ধ জাদুঘরের ট্রাস্টি মফিদুল হক। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বাংলাদেশ মহিলা পরিষদের যুগ্ম সাধারণ সম্পাদক সীমা মোসলেম, কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা, পরিচালক প্রতিভা মুৎসুদ্দি, শ্রীমতী সাহা ও মহাবীর পতি এবং শিক্ষার্থীবৃন্দসহ কমপ্লেক্সের সকল শিক্ষা ও সেবা প্রতিষ্ঠানের প্রধানগণ।

অনুষ্ঠানে আলোচনা পর্বে দাদু দানবীর রণদা প্রসাদ সাহার প্রতি গভীর

also the foundation day of KWT.

The day began with the laying of floral wreaths at the portrait of R P Shaha. The students of Bharateswari Homes (BH) rendered some of his favourite songs at the Ashananda Temple hall located in his paternal homestead. As in every other year the students carried out march-past and physical display at the compound of BH in the evening. This was followed by a musical drama "Aguner Poroshmoni" and prayer meeting. Among others Mr Mofidul Haq, trustee of Liberation War Museum was present as chief guest . The programme was also attended by Mrs Seema Moslem, Joint General Secretary of Bangladesh Mohila Porishod, Mr. Rajiv Prasad Shaha MD of KWT, Directors of KWT Ms Protiva Mutsuddy, Mrs Srimati Shaha and Mr Mahabir Pati and all students and heads of welfare organizations located in Kumudini Complex, Mirzapur.

At the discussion session of the programme Mr Rajiv Prasad Shaha while paying rich tributes to the memory of his grandfather said that it was our duty to carry




*Voluntary blood donation programme by the students of Kumudini Women's Medical College and Kumudini Nursing School & College.*

শ্রদ্ধা নিবেদন করতে গিয়ে রাজীব প্রসাদ সাহা বলেন, তাঁর রেখে যাওয়া কাজগুলোকে এগিয়ে নিয়ে যাওয়াটাই হবে আমাদের প্রধান কাজ। আমরা অব্যাহতভাবে সে চেষ্টাই করে যাচ্ছি। ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক এসময় মুক্তিযুদ্ধ জাদুঘরের জন্য প্রতিষ্ঠানটির ট্রাস্টি মফিদুল হকের হাতে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পক্ষ থেকে একটি অনুদানের চেক তুলে দেন। অনুষ্ঠানে মফিদুল হক তাঁর অনুভূতি ব্যক্ত করতে গিয়ে বলেন, কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট হলো মানুষের প্রতি নিঃস্বার্থ ভালবাসার একটি অসাধারণ প্রতিষ্ঠান। তিনি ছাত্রীদের উদ্দেশ্যে বলেন, তোমরা এ প্রতিষ্ঠানে পড়াশোনা করতে পেরে সত্যিই ভাগ্যবতী। একদিন তোমরাই হবে দেশের কর্ণধার, দেশ গড়ার কারিগর।

উল্লেখ্য, সান্ধ্য অনুষ্ঠানে ভারতেশ্বরী হোমসের খুদে লেখকদের লেখায় সমৃদ্ধ একটি দেয়াল পত্রিকার মোড়ক উন্মোচন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি মফিদুল হক।

জন্মোৎসবের দিন বেলা ১১.৩০ মিনিটে রাজীব প্রসাদ সাহা কুমুদিনী হাসপাতালে রোগীদের নিয়ে জন্মদিনের কেক কাটেন এবং রণদা প্রসাদ সাহার পরিবারের সদস্যগণসহ হাসপাতালের ডাক্তার ও নার্সগণ রোগীদের মধ্যে বিশেষ খাবার পরিবেশন করেন।

এই বিশেষ দিনটি স্মরণে কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের ছাত্রীরা কলেজে রক্তদান কর্মসূচি পালন করেন। কুমুদিনী নার্সিং স্কুল এন্ড কলেজের ছাত্রীরাও দিবসটি স্মরণে একই কর্মসূচি পালন করেন। ●

forward the works of R P Shaha and that is what we are doing. The MD of KWT handed over a cheque of donation to the trustee of the Liberation War Museum. While expressing his feelings Mr Mofidul Islam said that KWT is an institution which is selflessly in love with humanity. To the students he said that they are lucky to be students of Bharateswari Homes and one day they would be the leaders of the country and build the nation.

In the evening Mr Mofidul Haq launched the wall paper brought out by the budding writers of Bharateswari Homes.

At 11:30 on the day of the anniversary Mr Rajiv Prasad Shaha cut the birthday cake along with the patients at Kumudini Hospital. The family members of R P Shaha along with the doctors and nurses of the hospital distributed special food among the patients.

As a part of celebration this special day, the students of Kumudini Women's Medical College, Kumudini Nursing School and College observed blood donation programme. ●



*Oath taking at Bharateswari Homes to carry forward the light of education and knowledge.*

# যে চেতনা আমাদের শক্তি যোগায়

হেনা সুলতানা

গত ৩১ অক্টোবর পালিত হলো শহীদ দানবীর রণদা প্রসাদ সাহার জন্মজয়ন্তী। ধূসর অতীতের কাছ থেকে শ্রমলব্ধ অমৃতের গোলাপটি তুলে দিয়েছিলেন তিনি বর্তমানের হাতে–নতুন প্রজন্মের করতলে। কালের স্রোতে কত কিছুই তো ভাসে, ভেসে যায় রাজ্যপাট কিন্তু রয়ে যায় কীর্তির জয়পতাকা। ক্ষণজন্মা পুরুষ রণদা প্রসাদ সাহা আপন কর্মের মাধ্যমে আমাদের মাঝে রেখে গেছেন সেই জয়ের পতাকাটি।

মাত্র সাত বছর বয়সে রণদা প্রসাদ মাকে হারান। অসুস্থ মায়ের চিকিৎসার জন্য সারা গ্রাম খুঁজে একজন ডাক্তারও সেদিন মেলেনি। শৈশবের এই বেদনাদায়ক স্মৃতি রণদা প্রসাদের নিদ্রা জাগরণের প্রতিটি মূহূর্ত আচ্ছন্ন করে রেখেছিল এমনভাবে যে, পরবর্তীকালে তাঁকে একজন সেবকে পরিণত করে। সামর্থ্য বাড়ার সঙ্গে সঙ্গে এই দুঃখ স্মৃতিকে ভরিয়ে তুলতে স্থাপন করেছিলেন দুঃস্থ মানুষের সেবা প্রতিষ্ঠান 'কুমুদিনী'। মাতৃভক্তির এক অনন্য নজির।



*শহীদ দানবীর রণদা প্রসাদ সাহা*

১৯১৪ খ্রিস্টাব্দে রণদা প্রসাদ সাহা অংশ নিয়েছিলেন প্রথম বিশ্বযুদ্ধে। ছিলেন স্বেচ্ছাসেবী বেঙ্গল অ্যাম্বুলেন্স কোরে। দ্বিতীয়বারে ১৯১৭ খ্রিস্টাব্দে তিনি যোগদান করেন ৪৯ বেঙ্গল রেজিমেন্টে অস্থায়ী সুবাদার মেজর পদে। যুদ্ধে অসামান্য অবদানের জন্য লন্ডনের হ্যাম্পটন কোর্টে সম্রাট পঞ্চম জর্জ বীর সৈনিকদের 'সোর্ড অব অনার' পদকে সম্মানিত করেন। রণদা প্রসাদ সাহা এই সম্মানে সম্মানিত হন। সৈনিক জীবনের শিক্ষা রণদা প্রসাদের অভিজ্ঞতাকে প্রসারিত করতে, দৃষ্টিভঙ্গিকে উদার করতে, সর্বোপরি জীবনকে চিনে নেওয়ার প্রস্তুতিকে পূর্ণতা দিতে যথেষ্ট সহায়ক হয়েছিল। সৈনিক জীবনের শৃঙ্খলাবোধ ও সংঘবদ্ধ সমবায়ী জীবন-যাপন রণদা প্রসাদ সাহাকে পূর্ণ দায়িত্ববান যুবকে পরিণত করেছিল।

১৯৩৮ খ্রিস্টাব্দে মির্জাপুরে মা কুমুদিনী দেবীর নামে কুমুদিনী হাসপাতালের ভিত্তিপ্রস্তর স্থাপনের সময় এই সঙ্গে স্ত্রী কিরণবালা দেবীকে দিয়ে আবাসিক বালিকা বিদ্যালয় ভারতেশ্বরী হোমসের ভিত্তিপ্রস্তর স্থাপন করান। (ভারতেশ্বরী দেবী রণদা প্রসাদ সাহার প্রপিতামহী)। ১৯৪২ খ্রিস্টাব্দে বাবা দেবেন্দ্র সাহা পোদ্দারের নামে মানিকগঞ্জে দেবেন্দ্র কলেজ, ১৯৪৩ খ্রিস্টাব্দে টাঙ্গাইলে মা কুমুদিনী দেবীর নামে কুমুদিনী (আবাসিক) মহিলা ডিগ্রি কলেজ স্থাপন করেন। এ সময়ে মন্বন্তরে তিনি বিপন্ন মানুষের পাশে এসে দাঁড়ান। শতাধিক লঙ্গরখানা পরিচালনা করেন। ১৯৪৪ খ্রিস্টাব্দে তদানীন্তন বাংলার গভর্নর লর্ড আর জি কেসি কুমুদিনী হাসপাতাল উদ্বোধন করেন। এ সময়ে বাংলার গভর্নরের আবেদনে সাড়া দিয়ে ব্রিটিশ রেডক্রসকে দুই লাখ পঞ্চাশ হাজার টাকা সাহায্য করেন। ১৯৪৫ খ্রিস্টাব্দে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের অর্থায়নে ঢাকা সামরিক হাসপাতালের ম্যাটার্নিটি বিভাগ তৈরি করা হয়। ১৯৪৮ খ্রিস্টাব্দে ২৪ এপ্রিল রণদা প্রসাদ সাহা জর্জ অ্যান্ডারসনের কাছ থেকে ক্রয়কৃত কোম্পানির যাবতীয় সম্পত্তি কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট অব বেঙ্গলকে দান করেন এবং এই মর্মে একটি দানপত্র সম্পাদন করেন। ট্রাস্ট তার ব্যবসার দায়িত্ব গ্রহণ করে এবং সেবামূলক প্রতিষ্ঠান পরিচালনা, প্রয়োজনে সম্প্রসারণ ইত্যাদি কাজের জন্য প্রতিশ্রুতিবদ্ধ হয়।

মির্জাপুরে এস কে পাইলট উচ্চ বিদ্যালয়, করটিয়া সা'দাত কলেজ, ভূয়াপুর কলেজ, চৌমুহনী কলেজ, মাগুরায় সরকারি হোসেন শহীদ সোহরাওয়ার্দী কলেজসহ আরো বহু শিক্ষা প্রতিষ্ঠানে রণদা প্রসাদ সাহার দান রয়েছে। বাংলাদেশের সাম্প্রদায়িক দাঙ্গা রোধে আত্মাহুতিদাতা আলতাফ হোসেনের নামানুসারে গঠিত বরিশাল শহরে 'আলতাফ মেমোরিয়াল স্কুল' দানবীরের অর্থানুকূল্যেই প্রতিষ্ঠিত। এভাবেই তাঁর নিজের কষ্টার্জিত সম্পদ তিনি শিক্ষা ও মানবতার সেবায় দান করে গেছেন।

এই মানুষটিকেই আমাদের মহান মুক্তিযুদ্ধ চলাকালে ১৯৭১-এর ৭ মে রাতের অন্ধকারে পাকিস্তান হানাদার বাহিনী ও তাদের এদেশীয় দোসররা তাঁর একমাত্র কর্মক্ষম পুত্র ভবানী প্রসাদ সাহাসহ তাঁকে অপহরণ করে নিয়ে যায় নারায়ণগঞ্জের কুমুদিনীর হেড অফিস থেকে। তখন তাঁর বয়স ছিল ৭৪ বছর আর পুত্রের ২৭ বছর। এই একই দিনে টাঙ্গাইলের মির্জাপুরে হানাদার বাহিনী নিরীহ মানুষের ওপর চালায় নির্যাতন ও গণহত্যা। এই ঘটনায় ৫৯ জন শহীদ ও অসংখ্য মানুষ আহত হন। ঘর-বাড়িতে আগুন লাগিয়ে লুটপাট করা হয়। সেদিনের ভয়াবহ স্মৃতি মনে করে আজও মির্জাপুরবাসী আতঙ্কিত হয়ে ওঠে। ২৫ মার্চের পর শুভাকাঙ্ক্ষীরা রণদা প্রসাদকে আত্মরক্ষার জন্য বারবার দেশ ত্যাগের অনুরোধ জানিয়ে ছিলেন। কিন্তু তিনি বলতেন, 'জন্মভূমি ছেড়ে কোথায় যাবো? আমি তো কারো ক্ষতি করিনি, তবে কেন দেশ ছাড়বো?' এভাবেই তাঁরা আত্মাহুতি দিলেন দেশমাতৃকার স্বাধীনতার বেদীমূলে। কিন্তু মানবতার সেবায় নিবেদিত কুমুদিনীর পথ রুদ্ধ করতে পারেনি স্বাধীনতা বিরোধীরা।

রণদা প্রসাদ ছিলেন স্বশিক্ষিত ও স্বয়ং আলোকিত। আলোকিত মানুষের সংজ্ঞা তাঁর জানা ছিল না। তিনি কেবল ভেবেছিলেন তাঁর মায়ের মতো আর কোনো মাকে যেন বিনা চিকিৎসায় জীবন দিতে না হয়। তাঁর ভাবনায় ছিল পরিবার ও সমাজে অবহেলিত মায়েদের কথা, তাদের স্বাবলম্বী, আত্মমর্যাদাশীল মানুষ হিসেবে প্রতিষ্ঠা করার কথা। ভেতরের আলো জ্বালিয়েছেন নিজেকে পুড়িয়ে এবং তা অবারিত রাখেন মানুষের জন্য–এভাবনাতেই গড়ে তুলেছিলেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট। আর এই আলোকিত মানুষের সংজ্ঞাই তো দানবীর রণদা প্রসাদ সাহা।

*দানবীর রণদা প্রসাদ সাহার জন্মজয়ন্তী উপলক্ষে 'দৈনিক ইত্তেফাক'-এ প্রকাশিত*

# কুমুদিনী ফার্মা/ Kumudini Pharma




*Mr Rajiv Prasad Shaha, MD of KWT, addressing the field forces and other officers of KPL participating in the conference.*

## কুমুদিনী ফার্মার ১৫তম বার্ষিক বিক্রয় ও বিপণন সম্মেলন

গত ২৭ ডিসেম্বর কুমুদিনী ফার্মা লিঃ এর ১৫তম বার্ষিক বিক্রয় ও বিপণন সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। সহস্রাধিক লোকের উপস্থিতিতে এবারের সম্মেলনটি অনুষ্ঠিত হয়েছে বুড়িগঙ্গা-ধলেশ্বরী'র বুকে একটি বিশাল জলযানে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) রাজীব প্রসাদ সাহা, বিশেষ অতিথি ছিলেন ট্রাস্টের দু'জন পরিচালক শ্রীমতী সাহা ও শম্পা সাহা।

সম্মেলনে কুমুদিনী ফার্মার কর্মকর্তাদের মধ্যে উপস্থিত ছিলেন চীফ অপারেটিং এক্সিকিউটিভ (সিওই) অলিক কৃষ্ণ রায়, ডেপুটি চীফ কো-অর্ডিনেটর সুব্রত সাহা, ডেপুটি জেনারেল ম্যানেজার মার্কেটিং (ডিজিএমএম) পুলক কুমার পাল, ম্যানেজমেন্টের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এবং সারা বাংলাদেশে কর্মরত এমপিও, এরিয়া ম্যানেজার, আরএসএম, জোনাল হেডসহ কোম্পানির বিভিন্ন শাখার কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

ট্রাস্টের এমডি রাজীব প্রসাদ সাহা দেশের বিভিন্ন স্থান থেকে আগত সেলস্ এন্ড মার্কেটিং এর সকল সদস্যকে প্রশিক্ষণের ব্যবস্থা করার কথা বলেন। তিনি বলেন যে, কুমুদিনী ফার্মা শীঘ্রই অনেক নতুন নতুন প্রোডাক্ট বাজারজাত করবে যেগুলো ফার্মা মার্কেটে আমাদের কোম্পানির অবস্থানকে সুদৃঢ় করবে। তিনি মাঠকর্মীদের উদ্দেশ্যে বলেন, কুমুদিনী ফার্মার প্রবৃদ্ধির জন্য Marketing Strategy নেয়া হবে। সে জন্য প্রেসক্রিপশন জেনারেশনের মাধ্যমে ব্যাপক সাড়া জাগাতে হবে। তিনি আরও বলেন, হেড অফিসের সকল স্ট্র্যাটেজি এবং পলিসি কঠোরভাবে বাস্তবায়ন করতে হবে।

## 15th Annual Sales & Marketing Conference of Kumudini Pharma

The 15th Annual Sales & Marketing Conference of Kumudini Pharma Ltd. (KPL) was held on 27 December 2017. With a presence of more than a thousand personnel this year's programme took place onboard a ship on the rivers Buriganga and Dhaleswari. The chief guest on the occasion was the MD of Kumudini Welfare Trust (KWT) Mr Rajiv Prasad Shaha. Directors of KWT Mrs Srimati Shaha and Mrs Sampa Shaha were also present.

Among those present in the conference were the Chief Operating Executive (COE) Mr Alik Krishna Roy, Deputy Chief Coordinator (DCC) Mr Subrata Saha, Deputy General Manager Marketing (DGMM) Mr Pulak Kumar Pal, high officials of the management and MPOs, Area Managers, RSMs, Zonal Heads and officers and employees of different branches of KPL.

MD of KWT talked about the training programmes to be conducted for the sales and marketing personnel of Kumudini Pharma who come from different parts of the country. He said that shortly Kumudini Pharma shall launch various new products which will place KPL on sound footing in the pharmaceutical market. Addressing the field workers he said that Kumudini Pharma is adopting proper marketing strategy to ensure the growth of the company. He reminded them

সম্মেলনে ট্রাস্টের পরিচালক শ্রীমতী সাহা উপস্থিত প্রতিনিধিদের উদ্দেশ্যে অনুপ্রেরণামূলক বক্তব্য রাখেন। তিনি কুমুদিনী ফার্মার সকলকে একই পরিবারের হয়ে সামনের দিকে এগিয়ে যাওয়ার আহ্বান জানান। সেজন্য তিনি ম্যানেজমেন্টের পক্ষ থেকে সর্বাত্মক সহযোগিতার আশ্বাস দেন।

এর আগে সকালে সম্মেলনের উদ্বোধন করেন কোম্পানির সিওই অলিক কৃষ্ণ রায়। পরে বক্তব্য রাখেন কুমুদিনী ফার্মার ডেপুটি চীফ কোঅর্ডিনেটর সুব্রত সাহা। এমডি'র বক্তব্যর পর ফার্মার ডিজিএমএম পুলক কুমার পাল ২০১৭ সালের পারফরমেন্সের ওপর আলোকপাত করেন। তিনি জানান, ২০১৮ সালের মূল ফোকাস হবে 'Smart Look, Smart Approach'. তিনি ২০১৮ সালের মার্কেটিং স্ট্র্যাটেজি নিয়ে বিস্তারিত আলোচনা করেন।

অপরাহ্নে শুরু হয় Performance Award-2017 পর্বটি। যৌথভাবে এ পর্বটি পরিচালনা করেন ডিজিএমএম পুলক কুমার পাল ও ম্যানেজার পিএমডি এম আনসারুল ইসলাম।

উল্লেখ্য, কুমুদিনী ফার্মা এ বছরের জন্য মোট ৫১ জন মাঠকর্মীকে পুরস্কার হিসেবে নগদ অর্থ প্রদান ও ২৮ জনকে বিদেশ ভ্রমণের ব্যবস্থা করেছে।

অনুষ্ঠানের সমাপ্তি হয় সাংস্কৃতিক অনুষ্ঠান ও রং-বেরংয়ের আতসবাজি পোড়ানোর মধ্য দিয়ে।

the need of rigidly implementing the policy and strategy developed by the head office.

Director of KWT Mrs Srimati Shaha delivered a motivational speech addressing the representatives participating in the conference. She requested all to work together as members of Kumudini family. She assured of all cooperation from the management in this regard.

Earlier, the conference was inaugurated in the morning by the COE Mr Alik Krishna Roy. This was followed by a speech from the DCC Mr Subrata Saha. Following the speech of the MD, the DGMM Mr Pulak Kumar Pal highlighted on the performance of 2017. He talked at length on the marketing strategy of 2018.

The Performance Award-2017 ceremony began immediately after the speeches and discussion. This was jointly conducted by the DGMM Mr Pulak Kumar Pal and Manager PMD Mr M Ansarul Islam.

It is to be mentioned that as an incentive and recognition of performance 51 field workers were awarded cash prizes while 28 others were sent on trip abroad.

The programme ended with a cultural show and display of fireworks.



*Participants enjoying cultural programme at the end of the conference.*

# ভারতেশ্বরী হোমস/ Bharateswari Homes

## ভারতেশ্বরী হোমসের প্রাক্তন ছাত্রীদের পুনর্মিলনী

## Reunion of the Former Students of Bharateswari Homes




*Former students and teachers embracing each other at the 3rd Reunion ceremony.*

পুরনো দিনের স্মৃতি নিয়ে নতুনের সঙ্গে মেলবন্ধন ঘটানোর লক্ষ্যে গত ২৯ ডিসেম্বর তৃতীয় বারের মতো অনুষ্ঠিত হয়ে গেল ভারতেশ্বরী হোমসের ছাত্রীদের পুনর্মিলনী উৎসব। অনুষ্ঠান চলে সকাল ১০টা থেকে রাত পর্যন্ত। আয়োজন করে পুনর্মিলনী উৎসব উদ্‌যাপন কমিটি।

জাতীয় পতাকা, কুমুদিনীর পতাকা ও ভারতেশ্বরী হোমসের পতাকা উত্তোলনের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা হয়। প্রাক্তন ছাত্রীদের পরিবেশিত উদ্বোধনী সঙ্গীত শেষে অনুষ্ঠানের উদ্বোধন করেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক শ্রীমতী সাহা। তিনি ছাত্রীদের উদ্দেশ্যে বলেন যে, এদেশে নারী শিক্ষা বিস্তারে অন্যতম পুরোধা দানবীর রণদা প্রসাদ সাহা। তাঁর অসাম্প্রদায়িক দৃষ্টিভঙ্গী ও প্রগতির ধারা কুমুদিনীতে আজও বহমান। সে ধারাবাহিকতাই এগিয়ে চলছে কুমুদিনী।

অনুষ্ঠানের এ পর্বে আরও বক্তৃতা করেন ভারতেশ্বরী হোমসের দুই প্রাক্তন অধ্যক্ষা প্রতিভা মুৎসুদ্দি (বর্তমানে কুমুদিনীর পরিচালক) ও অধ্যক্ষা উলফাতুন নেছা এবং উপাধ্যক্ষা ও প্রাক্তন ছাত্রী মীরা রায়। উল্লেখ্য, অধ্যক্ষা উলফাতুন নেছা এবারের পুনর্মিলনী অনুষ্ঠানের কার্যনির্বাহী পরিষদের সভাপতি ছিলেন।

এরপর ব্যান্ড পার্টির বাদ্যযন্ত্র সহযোগে ছাত্রীদের একটি বর্ণাঢ্য র‍্যালি কুমুদিনী কমপ্লেক্স প্রদক্ষিণ করে। চা-পর্ব শেষে শুরু হয় প্রাক্তন

The 3rd reunion of the former students of Bharateswari Homes was celebrated on 29 December 2017. This is an occasion where the new students have an opportunity of getting to know their predecessors. The programme starting at 10 in the morning continued till late at night. This was arranged by the reunion celebration committee.

The programme began with the hoisting of national flag, Kumudini flag and the Bharateswari Homes flag. On conclusion of the opening song rendered by the former students the programme was inaugurated by Director KWT Mrs Srimati Shaha. In her address she said that education for women in this country was primarily introduced by great philanthropist Ranada Prasad Shaha. His non-communal ideals are being followed at Kumudini.

Those former Principals who delivered speeches in this part of the programme included Ms Protiva Mutsuddy (presently Director KWT) and Ms Ulfatun Nesa. Former student and Vice Principal Mira Roy also spoke. Ms Ulfatun Nesa functioned as the Convener of the Reunion Executive Committee.

ছাত্রীদের পরিবেশনায় সাংস্কৃতিক অনুষ্ঠান। এর পাশাপাশি চলতে থাকে তাঁদের স্মৃতি চারণা।

দেশ-বিদেশে অবস্থানরত সহস্রাধিক প্রাক্তন ছাত্রীর পদচারণায় উৎসবমুখর হয়ে ওঠে পুরো কুমুদিনী কমপ্লেক্স। পুনর্মিলনী উপলক্ষে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক যে শুভেচ্ছা বার্তা পাঠিয়েছেন তাতে তিনি বলেন, জীবনের প্রায় সর্বস্তরেই ভারতেশ্বরী হোমসের অনেক ছাত্রী গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছেন। আগামী দিনেও এ ধারা রাখতে আমরা অঙ্গীকারাবদ্ধ।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন কুমুদিনীর পরিচালক শম্পা সাহা, ভারতেশ্বরী হোমসের বর্তমান অধ্যক্ষা, উপাধ্যক্ষ ও শিক্ষকমণ্ডলী, নার্সিং স্কুল ও কলেজের অধ্যক্ষা, মেট্রন, কুমুদিনী হাসপাতালের পরিচালক, কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের অধ্যক্ষ প্রমুখ।

উল্লেখ্য, তৃতীয় পুনর্মিলনী অনুষ্ঠানটি ২০১৬ সালে অনুষ্ঠিত হবার কথা ছিল কিন্তু গত ৯ নভেম্বর ২০১৬ তারিখে ট্রাস্টের প্রাক্তন ব্যবস্থাপনা পরিচালক জয়া পতির প্রয়াণে অনুষ্ঠানটি স্থগিত রাখা হয়।

This was followed by a rally comprising students of Bharateswari Homes going around Kumudini Complex with band in attendance. Following tea break a cultural programme was arranged by the former students. The former students reminisced about their experience at Bharateswari Homes.

About a thousand former students took part in the event. A message sent by the MD of KWT highlighted the high position held by many of the former students in different fields and he wished that the same would continue.

The programme was also attended by Director KWT Mrs Sampa Shaha, Principal, Vice Principal and teachers of Bharateswari Homes, Principal of Kumudini Nursing School & College, Matron, Director Kumudini Hospital and Principal Kumudini Women's Medical College.

The 3rd reunion was scheduled to be held in 2016 but due to the sad demise of former MD of KWT Mrs Joya Pati the programme was kept in suspension.



*A rally of participating former students going around Kumudini Complex.*




*Participation of a group of students from Bharateswari Homes in a walkathon programme arranged by 'Avijatri', a youth organization, with a view to collecting funds for Liberation War Museum.*




*In recognition of participation in the walkathon a certificate awarded to Bharateswari Homes is being received from the Trustee of the Museum by Ms Hena Sultana, senior teacher of the institution.*

## মুক্তিযুদ্ধ জাদুঘর নির্মাণ প্রকল্প

# অদম্য পদযাত্রায় ভারতেশ্বরী হোমসের অংশগ্রহণ

মুক্তিযুদ্ধ জাদুঘর নির্মাণ তহবিল সংগ্রহের উদ্দেশ্যে গত ২৬ মার্চ স্বাধীনতা দিবসের শুভক্ষণে যুবসংগঠন 'অভিযাত্রী' আয়োজন করে 'অদম্য পদযাত্রা'র। তাদের কর্মসূচির শিরোনাম ছিল 'আসুন, মুক্তিযুদ্ধ জাদুঘর নির্মাণে হাঁটি এক মাইল'।

ঢাকায় আয়োজিত এই পদযাত্রা কর্মসূচিতে অন্যান্যদের সঙ্গে অংশ নিয়েছিল টাঙ্গাইলের মির্জাপুর থেকে আগত ভারতেশ্বরী হোমসের একদল ছাত্রী ও শিক্ষকবৃন্দ। নেতৃত্বে ছিলেন সিনিয়র শিক্ষক হেনা সুলতানা। পদযাত্রা শুরু হয়েছিল সকাল ছ'টায় কেন্দ্রীয় শহীদ মিনার থেকে জাতীয় সঙ্গীত পরিবেশনের পর। পদযাত্রীরা মুক্তিযুদ্ধের স্মৃতিবিজড়িত জগন্নাথ হল, সোহরাওয়ার্দি উদ্যানে শিখা চিরন্তন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর কেন্টিন, মোহাম্মদপুর শারীরিক শিক্ষা কলেজ, রায়ের বাজার বধ্যভূমি প্রভৃতি স্থান পরিদর্শন করে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

এই পদযাত্রায় অংশগ্রহণ ও অনুদান প্রদানের সুবাদে গত ১৩ অক্টোবর ভারতেশ্বরী হোমসকে মুক্তিযুদ্ধ জাদুঘর কর্তৃক স্মারক-সনদ প্রদান করা হয়। দলনেত্রী হেনা সুলতানা উক্ত জাদুঘরের ট্রাস্টি মফিদুল হক ও 'অভিযাত্রী'র নেত্রী নিশাদ মজুমদারের কাছ থেকে স্মারক সনদ গ্রহণ করেন। ●

## Liberation War Museum Construction Project

# Bharateswari Homes Participates in Force

In order to collect funds for construction of Liberation War Museum the youth organization "Avijatri" arranged for a walkathon. The programme had the slogan "Come, let's walk a mile for construction of Liberation War Museum".

The programme organized at Dhaka was participated by a group of students and teachers from Bharateswari Homes. The student group was led by senior teacher Ms Hena Sutana. The walkathon started from Central Shaheed Minar following singing of the national anthem. The participants went round those places which carried special significance in relation to our liberation like Jagannath Hall, eternal flame at Suhrawardy Udyan, Madhur Canteen at Dhaka University, Physical Training College at Mohammadpur, the graveyard at Rayer Bazar to pay homage to those who sacrificed their lives for liberation of the country.

In recognition of participating in the walkathon Bharateswari Homes was given a certificate by Liberation War Museum on 13 October 2017. ●



*Bangabandhu Sheikh Mujibur Rahman at former Ramna Race-Course Maidan on 7th March, 1971.*

## বঙ্গবন্ধু'র ৭ মার্চের ভাষণের ইউনেস্কো স্বীকৃতি আনন্দ শোভাযাত্রায় ভারতেশ্বরী হোম্সের অংশগ্রহণ

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ মার্চের ভাষণকে বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য হিসেবে স্বীকৃতি দিয়েছে জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সাংস্কৃতিক বিষয়ক সংস্থা ইউনেস্কো। ইউনেস্কো'র মহাপরিচালক ইরিনা বোকোভা (Irina Bokova) সংস্থার প্যারিস সদর দপ্তরে গত ৩০ অক্টোবর এই স্বীকৃতি দেয়ার কথা ঘোষণা করেন।

বঙ্গবন্ধুর এই ভাষণটি মেমোরি অব দ্য ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্ট্রারে অন্তর্ভুক্ত করা হয় যা আমাদের কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ। কারণ ৭ মার্চের ভাষণটি আমাদের স্বাধীনতা ও মুক্তিকামী বাঙালি জাতিকে গভীরভাবে উদ্বুদ্ধ করে এবং এটি এদেশের জনগণকে প্রজন্মের পর প্রজন্ম ধরে অনুপ্রাণিত করবে।

বঙ্গবন্ধুর ভাষণের ইউনেস্কো স্বীকৃতি পাওয়া উপলক্ষে দেশব্যাপী ২৫ নভেম্বর আনন্দ শোভাযাত্রা অনুষ্ঠিত হয়। বিদেশেও বাংলাদেশের মিশনগুলোতে আনন্দ শোভাযাত্রা, সাংস্কৃতিক অনুষ্ঠানসহ বিভিন্ন কর্মসূচি পালিত হয়েছে। এরই অংশ হিসেবে উক্ত তারিখে মির্জাপুর উপজেলা প্রশাসন যে আনন্দ শোভাযাত্রার আয়োজন করে ভারতেশ্বরী হোম্সের ছাত্রী-শিক্ষকবৃন্দ বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্যে তাতে অংশগ্রহণ করেন।

ইউনেস্কো'র এই স্বীকৃতির মাধ্যমে বঙ্গবন্ধুর অসাধারণ রাজনৈতিক দূরদর্শিতা সম্পর্কে বিশ্ববাসী জানতে পারল। এতে বাঙালি চরিত্রের দৃঢ়তা আবারও প্রমাণিত হলো এবং বাংলাদেশের ভাবমূর্তি আরও উজ্জ্বল হলো।

এই বিশেষ অর্জন নতুন প্রজন্মকে বিশেষভাবে অনুপ্রাণিত করেছে। আনন্দ শোভাযাত্রায় অংশগ্রহণ ছাড়াও ভারতেশ্বরী হোমসে একটি অনুষ্ঠানের মাধ্যমে এই ভাষণের তাৎপর্য সম্পর্কে শিক্ষার্থীদের সম্যক ধারণা দেয়া হয়। উদ্দেশ্য, যাতে ভবিষ্যৎ প্রজন্মের মনে বাঙালির মুক্তিযুদ্ধের গৌরব আরও দৃঢ়ভাবে প্রোথিত হতে পারে। বঙ্গবন্ধু'র এই বক্তৃতার কয়েকটি চুম্বক অংশ এবং এর ফলশ্রুতিতে বাঙালির মনে যে স্বাধীনতার স্পৃহা প্রজ্জ্বলিত হয়েছিল এই দুয়ের সমন্বয়ে মুক্তিযুদ্ধ জাদুঘর একটি সিডি প্রকাশ করে। হোমসের ছাত্রীদের সেটি দেখানো হয়। মুক্তিযুদ্ধ জাদুঘরের নেটওয়ার্কভুক্ত শিক্ষক হেনা সুলতানা অনুষ্ঠানটি পরিচালনা করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক (শিক্ষা) প্রিন্সিপাল প্রতিভা মুৎসুদ্দি।

## UNESCO Recognizes Speech of 7th March by Bangabandhu Bharateswari Homes Participates in Celebratory Procession

The United Nations Organization on Education, Science and Culture (UNESCO) have recognized the speech of Bangabandhu on 7[th] March as a world heritage. This recognition was disclosed at the Paris Headquarters of UNESCO on 30 October 2017 by its Director General Irina Bokova.

This speech of Bangabandu has been incorporated in the Memory of the World International Register which is a matter of pride for us. The speech has inspired the Bengali nation in its fight for independence and shall keep on inspiring generation after generation.

On the occasion of having got recognition of the speech people all over the country brought celebratory processions. At Bangladesh missions abroad celebratory processions were brought out and cultural programmes were also arranged. As part of this event the students and teacher of Bharateswari Homes enthusiastically took part in the celebratory procession organized by the Mirzapur Upazila administration.

This recognition by UNESCO has enabled the world population to learn of Bangabandhu's unparallel political foresight. It has also proved the firmness of Bengali character and elevated the image of the country.

This achievement has inspired the new generation. In addition to participating in the celebratory procession the students of Bharateswari Homes have gained knowledge through another programme in which they were introduced to the importance of the speech. The Liberation War Museum has brought out a CD containing excerpts from the speech which was shown to the students of Bharateswari Homes. The programme was conducted by Ms Hena Sultana who is a senior teacher of Bharateswari Homes having networking with the Liberation War Museum. Director KWT Ms Protiva Mutsuddy also spoke on the occasion.

# Kumudini Women's Medical College & Hospital



Bird's Eye view of the Project.



Perspective view of the Hostel Building.

## কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের দু'টি নতুন হোস্টেল নির্মিত হচ্ছে

গত ৩১ ডিসেম্বর মির্জাপুরে কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের ছ'তলাবিশিষ্ট ২য় ও ৩য় হোস্টেল বিল্ডিংয়ের শিলান্যাস করেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক প্রতিভা মুৎসুদ্দি। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন কুমুদিনী হাসপাতালের পরিচালক ও কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের প্রিন্সিপাল। এই বিল্ডিং দু'টি পরিকল্পিত ছ'টি বিল্ডিংয়ের মধ্যে অন্যতম যেগুলো নির্মিত হচ্ছে প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের কাজ হিসেবে। নির্মাণ কাজ শেষ হলে হোস্টেল দু'টিতে ২৪০ জন করে মোট ৪৮০ ছাত্রীর বাসস্থানের ব্যবস্থা হবে।

উল্লেখ্য, এ বছরই (২০১৭) প্রথম পর্যায়ে অনুরূপ ধারণ ক্ষমতার প্রথম হোস্টেল বিল্ডিংটির নির্মাণ কাজ সম্পন্ন হয়। সেখানে বর্তমানে ২৪০ জন ছাত্রীর বসবাসের ব্যবস্থা হয়েছে। এই ভবনের ষষ্ঠ তলার ১২টি কক্ষের সবক'টিই শীতাতপ নিয়ন্ত্রিত এবং প্রতিটি কক্ষে রেফ্রিজারেটর, ওয়াশিং মেশিন, মাইক্রোওভেন ইত্যাদির সুব্যবস্থা রয়েছে।

নতুন হোস্টেল বিল্ডিং দু'টির নির্মাণ কাজ শেষ হওয়ার পর পরবর্তী পর্যায়ে মেডিকেল কলেজটির প্রশাসনিক ভবন এবং ১৮,০০০ বর্গফুট আয়তনের মেঝে বিশিষ্ট মিলনায়তনের নির্মাণ কাজের পরিকল্পনা রয়েছে। প্রকল্পের মোট কাজ সম্পন্ন হতে সময় লাগবে দু'বছর এবং ইনটার্ন ডাক্তার ছাড়াও এখানে ১৫০০ মেডিকেল শিক্ষার্থীর থাকার ব্যবস্থা হবে। হোস্টেল কমপ্লেক্সটি মোট পাঁচ একর স্থান জুড়ে অবস্থিত। সম্পূর্ণ প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৮৫ কোটি টাকার ওপর হিসেব করা হয়েছে। ●

## Construction of Girls' Hostel Complex for Kumudini Women's Medical College (KWMC)

Foundation Stone laying ceremony of 2nd and 3rd six storied hostel buildings for Kumudini Women's Medical College (KWMC) was laid on 31 December 2018 by Ms Protiva Mutsuddy, Director Kumudini Welfare Trust. Among others the ceremony was also attended by Director Kumudini Hospital and Principal KWMC. The two new buildings are part of the planned six hostel buildings which are being constructed in the second phase. When completed the two buildings will accommodate 2 X 240 = 480 students.

Earlier in the first phase a single six storied building of similar size has been completed in 2017 which accommodates 240 students. All the 12 rooms on the top floor of this building have air conditioning and domestic refrigerator facilities. From now onwards all hostel buildings will have modern facilities like air conditioning, provision of domestic refrigerators, washing machines, microwave ovens etc.

On completion of construction of all the six hostel buildings and in the subsequent phases it is planned to build the College Administrative Building followed by the construction of Auditorium having a floor space of 18,000 square feet. The total project will be completed in two years and shall accommodate 1500 students plus intern doctors. The hostel complex is located on 5 acres of land. It is estimated that an amount of more than Taka Eighty five crore will be required for this project. ●

# প্রতিবন্ধীদের জীবনমান উন্নয়নে কর্মশালা

গত ১৪ নভেম্বর কুমুদিনী হাসপাতাল কর্তৃপক্ষ প্রতিবন্ধীদের জীবনমান উন্নয়নে এক কর্মশালার আয়োজন করে। কুমুদিনী মহিলা মেডিকেল কলেজের বিষ্ণুপদ পতি মিলনায়তনে অনুষ্ঠিত এ কর্মশালার প্রধান অতিথি ছিলেন স্বাস্থ্য অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রফেসর এ এইচ এম এনায়েত হুসেইন।

কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক ও মির্জাপুরস্থ কুমুদিনী কমপ্লেক্সের প্রশাসক প্রতিভা মুৎসুদ্দির সভাপতিত্বে অনুষ্ঠিত এ কর্মশালায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন টাঙ্গাইলের জেলা প্রশাসক খান মোঃ নুরুল আমিন, সিবিএম বাংলাদেশের কান্ট্রি ডিরেক্টর মোঃ শাহনেওয়াজ কোরেশী, কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক শম্পা সাহা ও মহাবীর পতি, কুমুদিনী হাসপাতালের পরিচালক ডা. দুলাল চন্দ্র পোদ্দার, কুমুদিনী মহিলা মেডিকেল কলেজের অধ্যক্ষ প্রফেসর ডা. এম এ হালিম, উপজেলা নির্বাহী অফিসার ইসরাত সাদনীন, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান এম এম মোজাহিদুল ইসলাম মনির, উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার মোঃ শহীদুল ইসলাম এবং কুমুদিনীর উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

উল্লেখ্য, খ্রিস্টান ব্লাইন্ড মিশন (সিবিএম) কর্তৃক ব্যয়কৃত 'Mainstreaming Disability in Kumudini Hospital for Accessible Broad Range of Eye and other Health Care Services' প্রকল্পের আওতায় কুমুদিনী হাসপাতাল কর্তৃপক্ষ উক্ত কর্মশালার আয়োজন করেন। অনুষ্ঠান উপস্থাপনায় ছিলেন হাসপাতালের প্রোগ্রাম এডভাইজার ডা. এস এম শহীদুল্লাহ্।

# Workshop on Improving Lifestyle of the Disabled

Kumudini Welfare Trust authorities arranged a workshop on Improving Lifestyle of the Disabled on 14 November 2017. The workshop was arranged at the Bishnupada Pati auditorium of Kumudini Women's Medical College. Prof A H M Enayet Hossain, Additional Director General (Planning & Development) of the Health Directorate, was the chief guest on the occasion.

The workshop was presided over by Ms Protiva Mutsuddy Director of KWT & Administrator, Kumudini Complex, Mirzapur. Among others DC Tangail Khan Mohammad Nurul Amin, Country Director of cbm Mr Md Shahnawaz Quraishi, Directors KWT Mrs Sampa Shaha and Mr Mahavir Pati, Director Kumudini Hospital Dr Dulal Chandra Podder, Principal Kumudini Women's Medical College Prof Dr M A Halim, Upazila Executive Officer Mrs Ishrat Sadnin, Upazila Parishad Vice Chairman Mr M M Mujahidul Islam Monir, Upazila Family Planning Officer Mr Md Shahidul Islam and senior officers of KWT were present.

The workshop was arranged by Kumudini Hospital as part of a project "Mainstreaming Disability in Kumudini Hospital for Accessible Broad Range of Eye and other Health Care Services" being funded by Christian Blind Mission (cbm). The programme was presented by the Programme Adviser of the hospital Dr S M Shahidullah.



*Students, teachers, doctors, nurses and other employees attached to different institutions of Kumudini Welfare Trust participated in the workshop.*




*KWT and Christian Blind Mission (cbm) of Australia & Germany participate in a Project titled "Mainstreaming Disability in Eye and other Health Care Services" for the period of July 2017 – December 2020. The objective being improvement of preventive and curative eye care services at Kumudini Hospital.*

উল্লেখ্য, সম্প্রতি সিবিএম (অস্ট্রেলিয়া ও জার্মানি) কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টকে জুলাই ২০১৭-ডিসেম্বর ২০২০ মেয়াদে উক্ত প্রকল্পের আওতায় টাঙ্গাইল অঞ্চলে অন্ধত্ব নিবারণ ও প্রতিবন্ধীদের জীবনমান উন্নয়নে দায়িত্ব অর্পণ করেছে।

Recently cbm (Australia & Germany) has tasked KWT with the responsibility of eradicating blindness and improving the lifestyle of the disabled through the project to be completed during July 2017- December 2020.



*An MoU was signed recently for collaboration between Weave Our Future (WOF) of France and KWT in the sector of Quality Health Service mainly for female workers of the garment industries adjacent to Kumudini Hospital. In this connection a team of "Auchan Group" from Dhaka visited Kumudini Hospital at Mirzapur to see its welfare activities on 12 November 2017. The team members were : M/s Benedicate, Helene, Frederic, Saifur Rahman and Asif.*




*An international scientific seminar was held on 13 December 2017 at BP Pati Hall of Kumudini Women's Medical College. The topics discussed in the seminar were : Neurogical Emergencies--Current Concepts in Management, Role of Endoscopic Ultrasonography in Gastroenterology, Prostate Issues--Benign & Malignant and Gynae Oncology--An overview. The seminar was organized by Kumudini Medical College & Hospital in association with Narayan Health of India.*

## সুইডেনের হ্যারিডা অ্যাডাল্ট প্রতিনিধিদের কুমুদিনীর শিক্ষা স্বাস্থ্য কার্যক্রম পর্যবেক্ষণ

সুইডেনের হ্যারিডা অ্যাডাল্ট এডুকেশন প্রতিষ্ঠানের পাঁচ সদস্যের একটি প্রতিনিধিদল গত ১৮ নভেম্বর ছয় দিনের সফরে বাংলাদেশে আসেন। তাদের সফর কর্মসূচি শেষ হয় ২৩ নভেম্বর। কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট এবং সুইডিশ প্রতিষ্ঠানের মধ্যে শিক্ষা, স্বাস্থ্য প্রভৃতি বিভিন্ন ক্ষেত্রে বিনিময় কর্মসূচির আওতায় তাদের এই সফর। প্রতিনিধিদলের সদস্যগণ হচ্ছেন সোফিয়া গ্রেবনার, গ্যাব্রিয়েলা হলবার্গ, জামিল মুস্তফা, সিসিলিয়া নিলসন ও এনেট গটফ্রিডসন।



*Members of delegation from Harida Adult Education along with the Director of KWT Mrs Srimati Shaha and high officials of Kumudini at Narayanganj Complex.*

## Harida Adult Education of Sweden Observes Health Education Programme of KWT

A five member delegation from Harida Adult Education of Sweden arrived in Bangladesh for a six-day visit on 18 November 2017. Their visit was a part of exchange programme between Kumudini and Harida in the field of health, education etc. The members of the delegation were Sophia Grabner, Gabriel Halberg, Jamil Mustafa, Sicilia Nilson and Annet Gotfridson.

গত ১৮ নভেম্বর ভোরে ঢাকা হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌছালে কুমুদিনী হাসপাতালের পরিচালক ডা. দুলাল চন্দ্র পোদ্দার ও এনজেন্ডার হেলথ-এর কান্ট্রি রিপ্রেজেন্টটেটিভ তাদের অভ্যর্থনা জানান। বিমানবন্দর থেকে প্রতিনিধিদলটি মির্জাপুর কুমুদিনী কমপ্লেক্সে পৌছালে ভারতেশ্বরী হোমস্ ও কুমুদিনী নার্সিং স্কুল এন্ড কলেজের শিক্ষার্থীরা তাদের পুষ্পস্তবক দিয়ে বরণ করে নেয়। সফরকালে তারা কুমুদিনীর গেস্ট হাউসে অবস্থান করেন।

গত বছর নভেম্বর মাসে সুইডেনের গুটেনবার্গে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট ও হ্যারিডা অ্যাডাল্ট এডুকেশনের মধ্যে স্বাস্থ্য-শিক্ষা-সাংস্কৃতিক বিনিময় কর্মসুচি অব্যাহত রাখার উদ্দেশ্যে নবায়নকৃত স্মারক সমঝোতা চুক্তির আওতায় এই সফর কর্মসূচি পালিত হয়। উল্লেখ্য, গত ৪-১২ নভেম্বর পর্যন্ত ডা. দুলাল চন্দ্র পোদ্দারের নেতৃত্বে কুমুদিনী থেকে পাঁচ সদস্যের একটি প্রতিনিধিদল হ্যারিডা অ্যাডাল্ট এডুকেশন-এর আমন্ত্রণে সুইডেন সফরে গিয়েছিলেন। সে সময় নবায়নকৃত চুক্তিটি সম্পাদিত হয়।

সুইডিশ প্রতিনিধিদলের সদস্যরা মির্জাপুর অবস্থানকালে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের প্রতিষ্ঠাতা দানবীর রণদা প্রসাদ সাহার পৈতৃক বাড়িসহ কমপ্লেক্সের সকল প্রতিষ্ঠান পরিদর্শন করেন এবং এগুলোর কর্মকাণ্ড সম্পর্কে সম্যক ধারণা লাভ করেন।

মির্জাপুর অবস্থানকালে সফরকারী দল উপজেলার মহেরা জমিদার বাড়ি, মির্জাপুর ক্যাডেট কলেজ, কমফিট গার্মেন্টস ফ্যাক্টরি, ময়মনসিংহে একটি বৃদ্ধাশ্রম ও পথ শিশুদের বাসস্থান টোকাই সংঘ, সাভারে পক্ষাঘাতগ্রস্তদের পুনর্বাসন কেন্দ্র সিআরপি প্রভৃতি স্থান পরিদর্শন করেন। এসব প্রতিষ্ঠান পরিদর্শনকালে সফরকারী অতিথিদের সঙ্গে কুমুদিনীর কর্মকর্তাগণ তাদের সঙ্গী হয়েছিলেন।

হ্যারিডা অ্যাডাল্ট এডুকেশন-এর সদস্যগণ তাদের সফরের শেষ পর্যায়ে গত ২৩ নভেম্বর গিয়েছিলেন নারায়ণগঞ্জে কুমুদিনী কমপ্লেক্স পরিদর্শনে। সেখানে তারা শীতলক্ষ্যায় নৌভ্রমণ শেষে কমপ্লেক্সে অবস্থিত কুমুদিনী ফার্মা, গার্মেন্টস, কুমুদিনী হ্যান্ডিক্র্যাফ্‌ট ও প্রেস-হাউজ পরিদর্শন করেন। এরপর ট্রাস্টের পরিচালক শ্রীমতী সাহার সভাপতিত্বে অনুষ্ঠিত এক আলোচনা সভায় যোগদান করেন। উক্ত সভায় কুমুদিনীর উপস্থিত সদস্যদের মধ্যে ছিলেন ট্রাস্টের পরিচালক মহাবীর পতি, রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. মনীন্দ্র কুমার রায়, কুমুদিনী হাসপাতালের পরিচালক ডা. দুলাল চন্দ্র পোদ্দার, কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের অধ্যক্ষ অধ্যাপক ডা. এম আবদুল হালিম, কুমুদিনী হাসপাতালের ইউরোলোজিস্ট ডা. নিতাই চন্দ্র সাহা, প্রোগ্রাম এ্যাডভাইজার ডা. এস এম শহিদুল্লাহ, ভারতেশ্বরী হোমস এবং কুমুদিনী নার্সিং স্কুল এন্ড কলেজের কয়েকজন সিনিয়র শিক্ষক। সৌহার্দ্যপূর্ণ পরিবেশে আলোচনা শেষে সভায় এই মর্মে সিদ্ধান্ত হয় যে, হ্যারিডা অ্যাডাল্ট এডুকেশন ও কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের মধ্যকার চলমান যৌথ কর্মসূচি ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

উল্লেখ্য, ২০ নভেম্বর সন্ধ্যায় সুইডিশ প্রতিনিধিদলের সদস্যদের সম্মানে মির্জাপুরে কুমুদিনী কমপ্লেক্সের আনন্দ নিকেতন হলে একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল। ভারতেশ্বরী হোমস্ এবং কুমুদিনী নার্সিং স্কুল এন্ড কলেজের ছাত্রীরা উক্ত অনুষ্ঠানে সঙ্গীত ও নৃত্য পরিবেশন করে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মির্জাপুর কুমুদিনী কমপ্লেক্সের প্রশাসক ও ট্রাস্টের পরিচালক প্রতিভা মুৎসুদ্দি, কুমুদিনী হাসপাতালের ডাক্তার, কুমুদিনী নার্সিং স্কুল এন্ড কলেজ এবং ভারতেশ্বরী হোমসের শিক্ষক ও ছাত্রীবৃন্দ।

The delegation was received at Shahjalal International Airport by the Director of Kumudini Hospital Dr Dulal Chandra Podder and the Country Representative of Engender Health. On arrival at Kumudini Complex, Mirzapur the delegation was received by the students of Bharateswari Homes and Kumudini Nursing School & College. The delegation was accommodated in Kumudini guest house.

This visit took place as part of the renewed agreement between Kumudini and Harida in the field of health-education-cultural exchange which was signed at Gutenburg of Sweden in November of 2016. On invitation of Harida a delegation from Kumudini led by Dr Dulal Chandra Podder visited Sweden from 4-12 of November 2016.

During their stay at Kumudini Complex the delegation visited the paternal homestead of the founder of KWT. They also visited the different institutions within Kumudini Complex and obtained fair idea on the working of the various institutions.

The delegation also visited Mohera Zamindar House, Mirzapur Cadet College, Comfit Garments Factory, an old home in Mymensingh, home for street urchins and CRP at Savar. During the visit the team was accompanied by officials from Kumudini.

On 23 November 2017 the delegation visited Kumudini Complex at Narayanganj. There on completion of river cruise the delegation visited Kumudini Pharma, Garments, Kumudini Handicrafts and Press House. Thereafter they took part in a discussion presided over by Director KWT Mrs Srimati Shaha. Among others Director KWT Mr Mahavir Pati, VC of RPSU Dr Manindra Kumar Roy, Director Kumudini Hospital Dr Dulal Chandra Podder, Principal KWMC Prof Dr M A Halim, Urologist of Kumudini Hospital Dr Nitai Chandra Saha, Programme Adviser Dr S M Shahidullah, senior teachers of Bharateswari Homes and Kumudini Nursing School & College were present. In the meeting it was agreed upon to continue the cooperation between Kumudini and Harida in the future.

In honour of the visiting delegation a cultural programme was arranged at Ananda Niketan Hall of Kumudini Complex on 20 November 2017. Students of Bharateswari Homes and Kumudini Nursing School & College presented dance and song. Director KWT Ms Protiva Mutsuddy was present along with the doctors of the hospital, teachers and students of Bharateswari Homes and Nursing School & College.

# কুমুদিনী হাসপাতালে ডায়ালাইসিস সেন্টার চালু হয়েছে

# Dialysis Centre Opened at Kumudini Hospital



*Inauguration of Dialysis Centre at Kumudini Hospital.*

স্বল্প খরচে কিডনী রোগীদের চিকিৎসা দিতে ৮৫০ শয্যাবিশিষ্ট কুমুদিনী হাসপাতালে গত ৩১ ডিসেম্বর চালু হয়েছে একটি ডায়ালাইসিস সেন্টার। উদ্বোধন করেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক প্রতিভা মুৎসুদ্দি। এটি চালু হওয়ায় মির্জাপুর ও তার পার্শ্ববর্তী এলাকার রোগীদের ঢাকা কিংবা দূরের কোনো হাসপাতালে ডায়ালাইসিসের জন্য অন্যত্র যেতে হবে না। স্বল্প খরচে কুমুদিনী হাসপাতালেই তারা এই চিকিৎসা নিতে পারবেন। কুমুদিনী হাসপাতালের কিডনী বিশেষজ্ঞ প্রফেসর ডা. জাহাঙ্গীর কবির জানান যে, দেশে কিডনী রোগীর সংখ্যা দিন দিন উল্লেখযোগ্য হারে বাড়ছে। সেই প্রেক্ষিতে আমাদের হাসপাতালে ডায়ালাইসিস ইউনিটটি চালু হলে জনগণের বিশেষ উপকার হবে। তিনি আরও জানান, প্রথম অবস্থায় দুটি ইউনিট দিয়ে যাত্রা শুরু হলো, তবে ভবিষ্যতে আরও মেশিন সংযোজিত হবে।

Eight hundred and fifty bedded Kumudini Hospital started providing dialysis facilities at an affordable cost from 31 December. The cnetre was inaugurated by Director KWT Ms Protiva Mutsuddy. With the opening of the dialysis centre at Kumudini Hospital the patients in and around Mirzapur need not require to go to Dhaka or other far away places for dialysis. Kidney specialist of Kumudini Hospital Prof Dr Jahangir Kabir informed that the number of kidney patients in the country are increasing day by day. In that context opening of dialysis centre at Kumudini Hospital shall bring relief to a large population. He also informed that initially the centre started functioning with two machines whose number will subsequently be increased.

# বিশ্ব দৃষ্টি দিবসে কুমুদিনীর প্রতিনিধিবৃন্দের অংশগ্রহণ

# Kumudini Participates in World Vision Day

গত ১৫ অক্টোবর জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট কর্তৃপক্ষ 'বিশ্ব দৃষ্টি দিবস-২০১৭' এর আয়োজন করে। অনুষ্ঠানের কর্মসূচির মধ্যে ছিল র‍্যালি, ভিডিও চিত্র প্রদর্শন, আলোচনা ইত্যাদি। আলোচনা অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম, এমপি এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন একই মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী জাহিদ মালেক, এমপি। এছাড়া উপস্থিত ছিলেন স্বাস্থ্য সচিব মোঃ সিরাজুল ইসলাম, জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট-এর পরিচালক ডা. গোলাম মোস্তফা, কুমুদিনী এবং সিবিএস এর প্রতিনিধিবৃন্দসহ বিভিন্ন এনজিও ও সমাজ সেবামূলক সংগঠনের সদস্যগণ।

এবারের প্রতিপাদ্য বিষয় ছিল 'তীক্ষ্ম দৃষ্টি, সুন্দর জীবন'। জনগণের মধ্যে অন্ধত্ব ও দৃষ্টিশক্তির ক্ষতি সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রতি বছর বিশ্ব দৃষ্টি দিবস উদ্‌যাপন করা হয়।

র‍্যালি শেষে জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট-এর সেমিনার কক্ষে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়। সেখানে ইনস্টিটিউটের আধুনিক চিকিৎসা পদ্ধতির ওপর একটি ভিডিও চিত্র প্রদর্শিত হয়।

আলোচনা পর্বে স্বাস্থ্যমন্ত্রী দেশে আধুনিক চক্ষু চিকিৎসার ওপর বিশেষ গুরুত্ব আরোপ করেন। তিনি দেশে অন্যান্য চিকিৎসার পাশাপাশি চক্ষু চিকিৎসা ক্ষেত্রে সরকারের আরও সাহায্য সহযোগিতার কথা ব্যক্ত করেন।



*Health Minister Mr Mohammed Nasim speaking in a programme arranged by National Eye Science Institute in observance of World Vision Day-2017.*

National Eye Science Institute arranged "World Vision Day-2017" on 15 October 2017. The programme included rally, video display, discussion etc. Health Minister Mr Mohammed Nasim , MP was the chief guest while State Minister Mr Jahid Malek, MP was the special guest in the discussion programme. Among others Health Secretary Mr Md Sirajul Islam, Director National Eye Science Institute Dr Golam Mustafa, representatives of cbm, Kumudini and other NGOs and social welfare organizations were also present.

This year's slogan was "Sharp vision, beautiful life". World Vision day is observed to grow awareness among the common people of the effect of blindness and loss of vision.

After the rally was over a seminar was arranged at the National Eye Science Institute. A video display was arranged to show the modern eye care facilities of the institute.

During discussion the Heath Minister stressed upon the importance of modern eye care. He informed of the support of the government for eye care along with other medical care.



*Representatives from Kumudini Welfare Trust along with the members of other organizations participated in a rally in World Vision Day-2017.*

# কুমুদিনী নার্সিং স্কুল এন্ড কলেজের ছাত্রীদের শিরাবরণ ও নির্মলা অ্যাওয়ার্ড প্রদান

# Capping of the Students of Nursing School & College and Nirmala Award Presentation



*Students in the Capping ceremony.*

গত ১০ নভেম্বর কুমুদিনী কমপ্লেক্সের আনন্দ নিকেতনে আনুষ্ঠানিকভাবে কুমুদিনী নার্সিং স্কুল এন্ড কলেজের ছাত্রীদের ২০১৭ সালের শিরাবরণ ও নির্মলা অ্যাওয়ার্ড প্রদান করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ নার্সিং এন্ড মিডওয়াইফারি কাউন্সিলরের রেজিস্ট্রার সুরাইয়া বেগম।

কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক (শিক্ষা) প্রতিভা মুৎসুদ্দির সভাপতিত্বে এই অনুষ্ঠানে ডিপ্লোমা ইন নার্সিং এর ৬০ জন, বিএসসি-ইন নার্সিং এর ৫০ জন এবং জুনিয়র মিডওয়াইফারির ১৯ জনসহ মোট ১২৯ জন সেবিকাকে শিরাবরণ পরানো হয়। শিরাবরণ পরান অনুষ্ঠানের প্রধান অতিথি। পরে জ্বলন্ত মোমবাতি হাতে ছাত্রীরা ফ্লোরেন্স নাইটেঙ্গেলের আদর্শ অনুসরণ করে মানবসেবার শপথ নেন। শপথ পাঠ করান কুমুদিনী নার্সিং কলেজের ভাইস প্রিন্সিপাল শেফালী সরকার।

এর আগে স্বাগত বক্তব্য রাখেন কুমুদিনী নার্সিং স্কুল এন্ড কলেজের প্রিন্সিপাল সিস্টার রীনা ক্রুশ। শিরাবরণ অনুষ্ঠান পর্ব শেষে ১১ জন মেধাবী ও দক্ষ নার্সের মধ্যে 'নির্মলা অ্যাওয়ার্ড-২০১৭' প্রদান করা হয়। পুরস্কার প্রাপ্তরা হলেন সিনিয়র নার্স পর্যায়ে – শুক্লা রানী, রঞ্জিত কুমার সরকার, ভাবনা রানী দাস ও কাকলী খন্দকার। জুনিয়র নার্স পর্যায়ে – ললিতা ও আশা দলবত। বিএসসি শিক্ষার্থী নার্স পর্যায়ে – আসমা ও শিল্পী রানী দাস। ডিপ্লোমা শিক্ষার্থী নার্স পর্যায়ে – প্রাকি রোজলিন পালমা এবং জুনিয়র শিক্ষার্থী নার্স পর্যায়ে – নিঝুম সরকার ও রিমা বসু।

প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন শিক্ষা ও সেবার জগতে দানবীর রণদা

Capping ceremony of the students of Kumudini Nursing School & College and presentation of Nirmala Award took place on 10 November 2017. Mrs Suriya Begum Registrar of Bangladesh Nursing & Midwifery Council was the chief guest on the occasion.

The programme was presided over by Director KWT Ms Protiva Mutsuddy. A total of 129 students were caped which included 60 students from Diploma in Nursing, 50 from B Sc in Nursing and 19 from Midwifery. The capping was done by the chief guest. The student nurses later took oath with glowing candles in their hands following the ideals of Florence Nightangle. The oath was administered by Mrs Shefali Sarkar the Vice Principal of Nursing College.

Before the capping took place Sister Rina Cruz delivered the welcome address. Following the capping 11 meritorious nurses were presented with "Nirmala Award – 2017". In her speech the chief guest described philanthropist Ranada Prasad Shaha as a

প্রসাদ সাহা একটি উজ্জ্বল নক্ষত্রের নাম। তাঁর প্রতিষ্ঠিত কুমুদিনী হাসপাতাল দীর্ঘদিন যাবত সুনামের সাথে যে সেবা দিয়ে যাচ্ছে তার নেপথ্য কর্মী হচ্ছে এই হাসপাতালে নিবেদিত প্রাণ সেবিকাবৃন্দ। কুমুদিনী নার্সিং স্কুল এন্ড কলেজ দেশে দক্ষ সেবিকা গড়ে তুলতে বিরাট ভূমিকা রাখছে এজন্য তাদেরকে আমি আন্তরিক ধন্যবাদ জানাই। কৃতজ্ঞতা জানাই কুমুদিনী নামের এই মহান প্রতিষ্ঠানটিকে। প্রধান অতিথির হাতে কুমুদিনীর ক্রেস্ট তুলে দিয়ে অনুষ্ঠানের সভাপতি প্রতিভা মুৎসুদ্দি বলেন, মানবসেবার মহান পেশায় নিয়োজিত কুমুদিনী নার্সিং স্কুল এন্ড কলেজের সেবিকা বোনদের জানাই আন্তরিক অভিনন্দন। মাথার ক্যাপ একজন সেবিকাকে রোগির প্রতি দায়িত্বশীল করে তোলে। সেবিকাদের আন্তরিক সেবা যত্নের ওপর সিংহভাগ নির্ভর করে রোগির ভাল হয়ে ওঠা। তাঁর বক্তব্যে মিস মুৎসুদ্দি প্রয়াত সিস্টার নির্মলা ভট্টাচার্যের জীবন সম্পর্কে আলোচনা করেন।

সিস্টার নির্মলা ভট্টাচার্য ছিলেন বাল্য বিধবা। তিনি তরুণ বয়সে কুমুদিনী হাসপাতালে এসে কাজে যোগ দেন। দানবীর রণদা প্রসাদ সাহা তাকে হাতে কলমে নার্সিং শিক্ষা দেন। তার সেবাকাজের সুনাম কিংবদন্তিতুল্য। কুমুদিনী হাসপাতালে নার্স হিসেবে কর্মরত অবস্থায় তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। রোগি ও ছাত্রীরা ছিল তাঁর সন্তানতুল্য। সিস্টার নির্মলার জীবনে বাড়তি কোন চাহিদা ছিল না। কর্মজীবনের সামান্য সঞ্চয় তিনি উৎসর্গ করে দেন কুমুদিনী হাসপাতালের ফান্ডে। সেই অর্থ থেকেই কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট তার নামে মেধাবী ও উত্তম সেবিকাদের অ্যাওয়ার্ড প্রদানের ব্যবস্থা করে থাকে।

শিরাবরণ ও নির্মলা অ্যাওয়ার্ড প্রদান অনুষ্ঠান উপলক্ষে কুমুদিনী নার্সিং স্কুল এন্ড কলেজের ছাত্রীরা একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করে।

শিরাবরণ ও নির্মলা অ্যাওয়ার্ডপ্রাপ্ত ছাত্রীদের অভিনন্দন জানিয়ে বক্তব্য রাখেন কুমুদিনী হাসপাতালের পরিচালক ডা. দুলাল চন্দ্র পোদ্দার। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কমপ্লেক্সের সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, ছাত্রী ও কর্মকর্তাবৃন্দ।

bright star in the field of education and service. The dedicated nurses are the ones who are providing the excellent service which has earned good name for Kumudini Hospital. She thanked Kumudini Nursing School & College for building up skilled nurses. The chief guest was presented with a crest of KWT by Ms Protiva Mutsuddy who said that the wearing of the cap makes a nurse more responsible towards the patient. Recovery of patients depends a lot on the services that the nurse provides. Ms Protiva Mutsuddy highlighted on the life of late Sister Nirmala.

Sister Nirmala Bhattacharya was a widow. She joined work at Kumudini Hospital at an early age. Philanthropist Ranada Prasad Shaha taught her everthing about nursing. Her services were admired by all. She passed away while working as a nurse in Kumudini Hospital. She treated students and patients as her children. Sister Nirmala did not expect any material gain in her life. She donated all her earnings to Kumudini Hospital. Nirmala Award is funded from the money that she had left behind.

On the occasion of caping ceremony the students of Nursing School & College arranged a cultural programme. The award winners were congratulated by Director Kumudini Hospital Dr Dulal Chandra Podder. Teachers and students from all educational institutions within Kumudini Complex were present.



*Recepients of 'Nirmala Award-2017'.*

# রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয়

# Ranada Prasad Shaha University (RPSU)

## নবীনবরণ

গত ১০ সেপ্টেম্বর অনুষ্ঠিত হয় বিশ্ববিদ্যালয়ের ১১তম ব্যাচের নবীনবরণ অনুষ্ঠান। নবীন শিক্ষার্থীদের ফুলেল শুভেচ্ছার মাধ্যমে বরণ করে নেয়া হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক মহাবীর পতি, বিশ্ববিদ্যালয় ট্রাস্টি বোর্ডের সদস্য কমোডোর মোহাম্মদ ফারুক (অবসরপ্রাপ্ত) ও উপাচার্য প্রফেসর ডঃ মনীন্দ্র কুমার রায়। আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের পরিচালক (প্রশাসন), ভারপ্রাপ্ত রেজিস্ট্রার, শিক্ষক-শিক্ষিকা ও কর্মকর্তাসহ আরও অনেকে। মি. পতি নবীন শিক্ষার্থীদেরকে কুমুদিনী পরিবারের অংশ হিসেবে উল্লেখ করেন এবং সর্বাবস্থায় তাদের পাশে থাকার আশ্বাস দেন। অনুষ্ঠানের বক্তাগণ নবাগতদের স্বাগত জানানোর সাথে সাথে বিশ্ববিদ্যালয় জীবনের তাৎপর্য ব্যাখ্যা করে তাদেরকে নানা ধরনের দিক্‌নির্দেশনা প্রদান করেন এবং সকলকে দানবীর রণদা প্রসাদ সাহার জীবনাদর্শে দীক্ষিত হওয়ার জন্য অনুপ্রাণিত করেন।

উপাচার্য প্রফেসর ড. মনীন্দ্র কুমার রায়ের সমাপনী বক্তব্যের মাধ্যমে নবীনবরণ অনুষ্ঠান শেষ হয়।

## Freshers' Reception

Freshers' reception for the 11th batch at RPSU was held on 10 September 2017. The new students were welcomed with flower bouquets. Director KWT Mr Mahavir Pati was the chief guest on the occasion while Member of the Board of Trustee Commodre Mohammed Farooque (Retd) was the special guest. The programme was presided over by Prof Dr Manindra Kumar Roy, the Vice Chancellor of RPSU. Among others Director Administration, Acting Registrar, teachers and officers of the university were present. Mr Pati welcomed the students as members of the extended family of KWT and he assured them of his all out support. He explained to the students the importance of life as a university student and gave them some guidelines. He asked them to follow the ideals of the founder of KWT and inspired them to follow the ideals of the philanthropist Ranada Prasad Shaha.

The programme ended with concluding speech by the VC of RPSU Prof Dr Manindra Kumar Roy.




*Reception ceremony for the new students of 11th batch.*



*Cutting birthday cake in observance of 121st birth anniversary.*

## রণদা প্রসাদ সাহার ১২১তম জন্মজয়ন্তী

বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে গত ৬ নভেম্বর বিশ্ববিদ্যালয়ে পালিত হয়েছে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের প্রতিষ্ঠাতা দানবীর রণদা প্রসাদ সাহার ১২১তম জন্মজয়ন্তী। অনুষ্ঠানের কর্মসূচির মধ্যে ছিল আলোচনা ও বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের পরিবেশিত মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। আলোচনায় অংশ নেন উপাচার্য প্রফেসর ড. মনীন্দ্র কুমার রায় এবং কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক মহাবীর পতি। জন্মদিনের কেক কাটার মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

উল্লেখ্য, এ উপলক্ষে মির্জাপুরে তাঁর পৈতৃক বাড়িতে এবং কুমুদিনী কমপ্লেক্সে দিনব্যাপী অনুষ্ঠানের আয়োজন করা হয়।

## 121st Birth Anniversary of Ranada Prasad Shaha

The 121st birth anniversary of the founder of KWT was celebrated at RPSU campus on 6 November 2017. The programme included discussion and a cultural show. The discussion was participated by VC Prof Dr Manindra Kumar Roy and Director KWT Mr Mahavir Pati. The celebration concluded with cutting birthday cake.

# 'লিডারশীপ ডেভেলপমেন্ট' শীর্ষক সেমিনার



*Mr M A Ibrahim, Head of Strategies, Rahim Afrooz Ltd. is being presented with the crest of RPSU.*

গত ১১ নভেম্বর রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয়ের অডিটোরিয়ামে 'লিডারশীপ ডেভেলপমেন্ট' শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের মূল বক্তা ছিলেন রহিম আফরোজ বাংলাদেশ লিমিটেডের হেড অফ স্ট্র্যাটেজি এম এ ইব্রাহিম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক মহাবীর পতি এবং বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মনীন্দ্র কুমার রায়। সেমিনারের আহ্বায়ক ছিলেন বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন বিভাগের চেয়ারম্যান সহযোগী অধ্যাপক ড. তরুণ তপন ধর।

সেমিনারে মূল বক্তা তার প্রেরণাদায়ক বক্তৃতার মাধ্যমে ছাত্রদের উৎসাহিত করেন।

Similar celebration took place at the paternal homestead of the founder and at Kumudini Complex, Mirzapur.

# Seminar on 'Leadership Development'

A seminar on Leadership Development was organized in the auditorium of RPSU on 11 November 2017. The main speaker on the occasion was Mr M A Ibrahim, Head of Strategies of Rahim Afrooz Ltd. Director KWT Mr Mahabir Pati and the VC of RPSU Prof Dr Manindra Kumar Roy were present as special guests. Chairman of Business Administration Dept Associate Prof Dr Tarun Tapan Dhar was the convener of the seminar. The students were inspired by the speeches delivered by the main speaker.

# ৭ মার্চের ভাষণের ইউনেস্কো স্বীকৃতিতে আনন্দ শোভাযাত্রা

# Celebratory Rally on UNESCO's Recognition of Speech of 7th March




*A rally of the teachers, students, officers and employees of RPSU on the occasion of UNESCO's recognition of Bangabandhu's 7th March speech.*

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ মার্চের ভাষণের ইউনেস্কো স্বীকৃতি উপলক্ষে গত ২৫ নভেম্বর দেশব্যাপী আনন্দ শোভাযাত্রা অনুষ্ঠিত হয়। এরই অংশ হিসেবে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আনন্দ শোভাযাত্রার আয়োজন করে। শোভাযাত্রাটি ঐদিন সকাল ১১টায় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস থেকে আরম্ভ হয়ে নারায়ণগঞ্জ শহরের নগর ভবন এলাকা ঘুরে আবার ক্যাম্পাসে ফিরে আসে। উপাচার্যের নেতৃত্বে উক্ত শোভাযাত্রায় অংশগ্রহণ করেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, ছাত্রছাত্রী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

On the occasion of UNESCO's recognition of 7th March speech by Bangabandhu, celebratory rallies were organized all over the country. As part of the celebration a rally was brought out by the students of RPSU on 25th November. The rally participated by teachers, students, officers and employees of RPSU began from the university campus, paraded up to the "Nagar Bhavan" and returned back to the campus. The rally was lead by the VC of RPSU.

# ধর্মীয় উৎসবাদি

# Religious Festivals

## শারদীয় দুর্গোৎসব

বাঙালি হিন্দু ধর্মাবলম্বীদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব শারদীয় দুর্গাপুজা। প্রতি বছরের মতো এবারও কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের প্রতিষ্ঠাতা দানবীর আর পি সাহার পৈতৃক বাড়িতে ২৬-৩০ সেপ্টেম্বর পর্যন্ত পাঁচ দিনব্যাপী এই উৎসবের আয়োজন করা হয়। অনুষ্ঠানের সমাপ্তি হয় ৩০ সেপ্টেম্বর লৌহজং নদীতে প্রতিমা নিরঞ্জনের মধ্য দিয়ে।

পূজার দিনগুলোতে ধর্মীয় আচার অনুষ্ঠানের বাইরেও বিভিন্ন কর্মসূচি পালিত হয়। প্রতিদিনের অনুষ্ঠানে বিপুল দর্শক সমাগম ঘটে এবং প্রতিমা দর্শন করে। উৎসবে অন্যান্য আয়োজনের মধ্যে ছিল সঙ্গীতানুষ্ঠান, গীতিআলেখ্য, ভক্তদের মাঝে প্রসাদ বিতরণ, দরিদ্রদের মাঝে বস্ত্র বিতরণ, কাঙ্গালী ভোজ ইত্যাদি।



*The goddess Durga before immersion on the concluding day of the 5-day holy festival.*

## Durga Puja

The greatest religious festival of the Bengali Hindu community is the Durga Puja. As in the years before the celebration of holy Durga Puja was organized at the parental homestead of the founder of KWT. The celebration continued from 26 to 30 September 2017. The programme ended with the immersion of goddess Duga in the river Lauhajang on 30 September. In addition to the religious rituals other programmes included the celebration. A large number of devotees gathered every day to have a glimpse of the deity. Other events included feeding of the destitute, cloth distribution, sweet distribution and cultural show.

## বড়দিন উদ্‌যাপন

মির্জাপুরে কুমুদিনী কমপ্লেক্সের খ্রিস্ট ধর্মাবলম্বীগণ গত ২৫ ডিসেম্বর প্রার্থনা ও আনন্দ উদ্দীপনার মধ্য দিয়ে শুভ বড়দিন উদ্‌যাপন করেন। এই উপলক্ষে কুমুদিনী চত্বরের ক্যাথলিক গির্জাটি সজ্জিত করা হয়েছিল নানা রঙের আলো ও মোমবাতি জ্বালিয়ে।

ধর্মীয় আনুষ্ঠানিকতা ছাড়াও এদিনের কর্মসূচির মধ্যে ছিল বড়দিনের কেক কাটা, বিশেষ খাবারের আয়োজন, কমপ্লেক্সের আনন্দ নিকেতনে কুমুদিনী নার্সিং স্কুল এন্ড কলেজের ছাত্রীদের সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন ইত্যাদি। ফাদার ফ্রাঙ্ক সিএসসি অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন । এতে উপস্থিত ছিলেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের এমডি রাজীব প্রসাদ সাহা ও ট্রাস্টের কর্মকর্তাবৃন্দ। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিকেএসপি'র প্রিন্সিপাল।

বড়দিনের আগের দিন ২৪ ডিসেম্বর ফাদার ফ্রাঙ্কের নেতৃত্বে কুমুদিনীর গীর্জায় প্রার্থনা সভা অনুষ্ঠিত হয়। প্রার্থনার মূল ভাবনা ছিল বিশ্ব শান্তি ও সহাবস্থান।

কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের এমডি অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন। তিনি বলেন, উৎসব নানা সম্প্রদায়ের মধ্যে সম্প্রীতিকে সুদৃঢ় করে। সারা বিশ্বে আজ যে হানাহানি ও সংঘাত যিশুর শান্তির বাণী এসব থেকে আমাদের বিরত রাখতে পারে। ফাদার ফ্রাঙ্কের বক্তব্যে প্রকাশ পায় যিশুর শান্তির বাণীর তাৎপর্য।

## Christmas Day

Members of the Christian community living inside the Kumudini complex, Mirzapur celebrated Christmas Day on 25th of December. The Catholic Church within the complex was decorated with lights of different colours.

In addition to the religious functions other events took place which included cutting of cake, distribution of special food, cultural programme arranged by the students of Kumudini Nursing School & College. Father Frank csc was the chief guest on the occasion. Among others MD KWT and other officers of the Trust were present. Principal BKSP was the special guest.

The day before Christmas Day a prayer meeting was held at Kumudini church which was conducted by Father Frank. The main theme of the prayer was world peace and harmony.

MD KWT spoke on the occasion. He said that these festivals create bond among followers of different religions. The sermons of Jesus can keep us away from all conflicts that are taking place all over the world. The speech of Father Frank echoed the sentiment of Jesus for world peace.



*Celebration of Christmas Day at the Complex.*

# কুমুদিনী পরিবারের আপনজন নিসর্গসখা দ্বিজেন শর্মার জীবনাবসান

# Naturalist Dwijen Sharma Passes Away




*(Left) Naturalist Dwijen Sharma at the Kumudini Arboretum (File Photo).*
*(Right) People from all walks of life paying their last respect to late Sharma at Central Shaheed Minar.*

প্রাণ ও প্রকৃতির মায়া কাটিয়ে চিরবিদায় নিলেন নিসর্গ প্রেমিক ও লেখক দ্বিজেন শর্মা। গত ১৫ সেপ্টেম্বর ঢাকার স্কয়ার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তাঁর মৃত্যু হয়। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৮ বছর। দ্বিজেন শর্মার মৃত্যুর সংবাদ পেয়ে তাঁর প্রতি শেষ শ্রদ্ধা নিবেদন করেন সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর, কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা, পরিচালক প্রতিভা মুৎসুদ্দি ও শ্রীমতী সাহা এবং সমাজের অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ।

১৯২৯ সালের ২ মে মৌলভীবাজারের বড়লেখা উপজেলার শিমুলিয়া গ্রামে দ্বিজেন শর্মার জন্ম। মা মগ্নময়ী দেবী, বাবা চন্দ্রকান্ত শর্মা। বাবা পেশায় কবিরাজ ছিলেন বলে ছোটবেলা থেকেই লতা-পাতা, বৃক্ষ আর অরণ্য-প্রকৃতির সঙ্গে তাঁর সখ্য গড়ে ওঠে।

কলকাতা সিটি কলেজ থেকে স্নাতক এবং ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর করে দ্বিজেন শর্মা উদ্ভিদবিজ্ঞানের শিক্ষক হিসেবে আসামের করিমগঞ্জ কলেজ, বরিশালের বি এম কলেজ ও ঢাকার নটরডেম কলেজে কাজ করেছেন। পরে প্রগতি প্রকাশনে চাকরি নিয়ে মস্কো চলে যান। ১৯৭৪ থেকে ১৯৯২ সাল পর্যন্ত তিনি প্রগতি প্রকাশনার অনুবাদক হিসেবে কাজ করেন। দেশে ফিরে কাজ করেন বাংলাদেশ এশিয়াটিক সোসাইটিতে।

তাঁর স্ত্রী দেবী শর্মা ঢাকার সেন্ট্রাল উইমেন্স কলেজের সাবেক শিক্ষিকা। সুমিত্র শর্মা ও শ্রেয়সী শর্মা (পতি) দ্বিজেন শর্মা ও দেবী শর্মা দম্পতির দুই ছেলেমেয়ে। শ্রেয়সী রণদা প্রসাদ সাহার কনিষ্ঠ কন্যা জয়া পতির একমাত্র পুত্র মহাবীর পতির স্ত্রী। সেই সূত্রে দ্বিজেন শর্মা পরিবার কুমুদিনী পরিবারের আপনজন।

উদ্ভিদ বিজ্ঞান, প্রকৃতি বিজ্ঞান আর বিজ্ঞান ভাবনা নিয়ে তাঁর (দ্বিজেন শর্মার) লেখা বইয়ের সংখ্যা ২৬টি। তাঁর লেখা 'শ্যামলী নিসর্গ'-কে বিবেচনা করা হয় আকরগ্রন্থ হিসেবে। তিনি ১৯৮৭ সালে বাংলা একাডেমি ও ২০১৫ সালে একুশে পদকসহ বহু সম্মাননায় সম্মানিত হন।

গত ১৭ সেপ্টেম্বর তাঁর মরদেহ বাংলা একাডেমি, কেন্দ্রীয় শহীদ মিনার ও নটরডেম কলেজে নাগরিক সংবর্ধনা শেষে নিয়ে যাওয়া হয় রাজারবাগ শ্মশানঘাটে। সেখানে তাঁকে শেষ শ্রদ্ধা জানায় কুমুদিনী পরিবারসহ বহু সংগঠন ও প্রতিষ্ঠান।

Naturalist Dwijen Sharma passed away at the age of 88 years while undergoing treatment at Square Hospital, Dhaka on 15 September 2017. Hearing the news of his passing away Cultural Minister Asaduzzaman Nur, MD KWT Mr Rajiv Prasad Shaha, Directors of KWT Ms Protiva Mutsuddy and Mrs Srimati Shaha and a host of eminent personalities rushed to pay homage to Late Sharma.

He was born on 2nd May 1929 at village Shimulia in the Upazila of Boralekha in Moulivi Bazar. His mother was Magnomoyee Devi and father Chandrakanta Sharma. As his father was a herbalist he grew affinity towards leaves and plants.

He completed his graduation from City College, Kolkata and masters from Dhaka University. He worked as a teacher in Karimganj College, Assam; B M College, Barisal and Notre Dame College, Dhaka. He got a job with Progati Publishers and left for Moscow. From 1974 to 1992 he worked as translator for Progati Publishers. On return home he worked at Bangladesh Asiatic Society.

His wife Mrs Devi Sharma is a former teacher of Central Women's College, Dhaka. They have a son and a daughter named Sumitra Sharma and Shreyashi Sharma (Pati) respectively. Mrs Shreyashi is the daughter in law of the only son of Mrs Joya Pati and wife of Mr Mahavir Pati.

He wrote 26 books on botany and natural science. He received Bangla Academy Award in 1987 and Ekushe Padak in 2015 in addition to many other awards.

His dead body was kept at Bangla Academy, Central Shaheed Minar and at Notre Dame College for allowing the general public to pay their last respect. Later his body was taken for cremation at Rajarbagh where family members of KWT paid their last respect.

# বাংলা একাডেমির সম্মানসূচক ফেলোশিপ পেলেন প্রতিভা মুৎসুদ্দি

গত ৩০ ডিসেম্বর লেখক, সাহিত্যিক, গবেষক, গুণীজনসহ সমাজের বিভিন্ন অঙ্গনের মানুষের উপস্থিতিতে উৎসবমুখর হয়ে উঠেছিল বাংলা একাডেমির শ্যামল প্রাঙ্গণ। উপলক্ষ্য ছিল একাডেমির ৪০তম বার্ষিক সভা। সভাপতিত্ব করেন বাংলা একাডেমির সভাপতি ইমেরিটাস অধ্যাপক আনিসুজ্জামান। এতে বিভিন্ন ক্ষেত্রে সাত বিশিষ্ট ব্যক্তিকে দেওয়া হয় বাংলা একাডেমির ২০১৭ সম্মানসূচক ফেলোশিপ। তাঁদের মধ্যে অন্যতম হলেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক প্রতিভা মুৎসুদ্দি।

বাংলা একাডেমি'র সম্মানসূচক 'ফেলেশিপ ২০১৭' প্রাপ্ত ব্যক্তিরা হলেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক প্রতিভা মুৎসুদ্দি (ভাষা আন্দোলন, নারী নেতৃত্ব, শিক্ষা ও সমাজসেবা), ইকবাল বাহার চৌধুরী (সাংবাদিক), অধ্যাপক এ বি এম আবদুল্লাহ (চিকিৎসা বিজ্ঞান ও গবেষণা), অধ্যাপক আইনুন নিশাত (পানি সম্পদ বিশেষজ্ঞ ও শিক্ষাবিদ), নুরুন নবী (মুক্তিযুদ্ধ বিষয়ক সাহিত্য), হাসান শাহরিয়ার (সাংবাদিকতা) এবং দুলাল তালুকদার (নৃত্যকলা)।

পুরস্কার ও ফেলোশিপ পাওয়া ব্যক্তিদের হাতে সম্মাননা পত্র, সম্মাননা স্মারক তুলে দেন অধ্যাপক আনিসুজ্জামান ও বাংলা একাডেমির মহাপরিচালক শামসুজ্জামান খান। সভায় অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মোহিতসহ সারা দেশ থেকে বাংলা একাডেমির ফেলো, আজীবন সদস্যসহ বহু বিশিষ্টজন অংশগ্রহণ করেন।

# Protiva Mutsuddy Conferred with Honorary Fellowship of Bangla Academy

The 40th Annual Meeting of Bangla Academy was held at the academy premises on 30 December 2017. It was a gathering of writers, novelists, researchers and other eminent personalities of the society. The meeting was presided over by Emeritus Professor Anisuzzaman, the Chairman of the Academy. Seven personalities were conferred with honorary fellowship of Bangla Academy. Director of Kumudini Welfare Trust Protiva Mutsuddy was one of them.

Those who received Honorary Bangla Academy Fellowship 2017 were Director of KWT Protiva Mutsuddy (Language Movement, Women Leadership, Education and Social Work), Iqbal Bahar Chowdhury (Journalism), Prof A B M Abdullah (Medical Science & Research), Prof Ainun Nishat (Water Resources & Education), Nurun Nabi (Liberation War Literature), Hasan Shahriar (Journalism) and Dulal Talukdar ( Dance).

The recipients of Honorary Bangla Academy Fellowship were handed over certificate, commemorative crest by Prof Anisuzzaman and Shamsuzzaman Khan DG Bangla Academy. Along with Finance Minister Abul Mal Abdul Muhit Bangla Academy fellows from all over the country, life members and eminent personalities took part in the meeting.



*Ms Protiva Mutsuddy receiving certificate of Honorary Fellowship from Prof Anisuzzaman. Prof Shamsuzzaman Khan is also seen in the picture.*

